১০/১০/২০০০

দৈনিক ইত্তেফাক

তারিখ ........
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৬ ...

## সুনামগঞ্জ সরকারী কলেজে কম্পিউটার বিষয়ে শিক্ষক ও টেকনিশিয়ান নাই

সুনামগঞ্জ সংবাদদাতা ॥ সুনামগঞ্জ সরকারী কলেজে কম্পিউটার বিষয়ে শিক্ষক ও টেকনিশিয়ান না থাকায় শিক্ষার্থীরা এই বিষয়ে লেখাপড়ার সুযোগ হইতে বঞ্চিত হইতেছে। সুনামগঞ্জ সরকারী কলেজের চাহিদা অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয় গত মাসে আরও ৫টি কম্পিউটার প্রদান করে। কর্তৃপক্ষ জানাইয়াছেন, ২৭শে অক্টোবরের মধ্যে কম্পিউটার বিষয়ে শিক্ষক ও টেকনিশিয়ান নিয়োগ দেওয়া হইবে। ২৭শে অক্টোবর আসিতে আর কয়েকদিন বাকী। কিন্তু এখন পর্যন্ত শিক্ষক ও টেকনিশিয়ান নিয়োগ না দেওয়ায় গত বছরের ন্যায় এই বছরও কলেজের ছাত্র-ছাত্রীরা এই বিষয়ে লেখাপড়া করিতে পারিবে কিনা তাহা নিয়া সংশয় দেখা দিয়াছে। প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার সেট থাকার পরও শুধুমাত্র শিক্ষক ও টেকনিশিয়ানের অভাবে কম্পিউটার বিষয়ে লেখাপড়ার সুযোগ না পাইয়া শিক্ষার্থীদের মধ্যে অসন্তোষ বিরাজ করিতেছে।